4247 T 3248 1000 Rs.

INDIA NON JUDICIAL

१००० रु. Rs 1000

सत्यमेव जयते

भारत

एक हज़ार रुपये ONE THOUSAND RUPEES

[illegible]
u/s 5(1) of the W.B.L.R. Act 1955 duly stamped / Exempt from does not require stamp duty under the Indian Stamp Act 1899
Schedule IA No. 3374
Fees paid
A. Fee 428 paid in ...

District Sub-Registrar
Bidhannagar (Salt Lake City)
20.6.2000

-:: দানপত্র দলিল ::-

গ্রহীতা :- শ্রী পিনাকী চট্টোপাধ্যায় , পিতা শ্রী সুধীর কুমার চট্টোপাধ্যায় , গ্রাম - বিষ্ণুপুর (ঘোষপাড়া) , পোঃ- রাজারহাট-বিষ্ণুপুর , থানা- রাজারহাট , জেলা উত্তর ২৪ পরগনা, পিন - ৭৪৩৫১০ , ধর্মে - হিন্দু , পেশা - চাকুরী ।।

দাত্রী :- শ্রীমতী সন্ধ্যা রানী দেবী (চট্টোপাধ্যায়) স্বামী শ্রী সুধীর কুমার চট্টোপাধ্যায় , গ্রাম বিষ্ণুপুর (ঘোষপাড়া) , পোঃ- রাজারহাট - বিষ্ণুপুর , থানা - রাজারহাট, জেলা উত্তর ২৪ পরগনা , পিন - ৭৪৩৫১০ , ধর্মে হিন্দু , পেশা - গৃহস্থালী ।

কস্য শুভ দান পত্র দলিল পত্র মিদং কার্য্যাঞ্চাগে :-

আবুবক্কার সিদ্দিক , বারাসাত কোর্ট।

৪। Ashim Kumar Banerjee
14, Chatra Dharmatala Lane
Serampore, Hooghly

7553
Sri pinaki Challopadhyay
Bishnupur Ghosh para
P.S. Rajarhat

16/6/2000

| | |
|---|---|
| 4 | 4000/- |
| 1 | 500/- |
| 1 | 50/- |
| 1 | 10/- |
| | 4560/- |

Presented for registration at 12-00 on the 20th day of June 2000 Bidhan Nagore (Salt Lake City) Sub-Registry office ... attorney for Sandhya Rani debi Chattopadhyay ... authenticates ... the ... of ...

সন্ধ্যারাণী দেবী চট্টোপাধ্যায়

Addl. District Sub-Registrar
Bidhannagar, (Salt Lake City)
20 6 2000

Sandhya Rani debi Chattopadhyay
S/o, W/o Sudhir Kr. Chattopadhyay
of Bishnupur
P.S. Rajarhat
By Caste, Hindu/Muslim
By Profession ...

সন্ধ্যারাণী দেবী চট্টোপাধ্যায়

Addl. District Sub-Registrar
Bidhannagar, (Salt Lake City)

Sudhir Kr. Chattopadhyay
S/o Rampada Chattopadhyay
of Bishnupur
P.S. Rajarhat
By Caste, Hindu/Muslim
By Profession Advocate

Sudhir Kumar Chatterjee
S/o Late Rampada Chatterjee
Vill. Bishnupur
P.O. Rajarhat Bishnupur
Dt. North 24 Parganas
Advocate

Addl. District Sub-Registrar
Bidhannagar, (Salt Lake City)
20 6 2000

SEAL OF THE ADDL. DIST. SUB-REGISTRAR, BIDHANNAGAR (SALT LAKE CITY) N. 24 PGS.

1000Rs.

INDIA NON JUDICIAL

१००० रु.

Rs. 1000

सत्यमेव जयते

भारत

एक हजार रुपये ONE THOUSAND RUPEES

॥২॥

জেলা উত্তর ২৪ পরগনা, থানা রাজারহাট, এ-ডি-এস-আর অফিস বিধাননগর , (সল্টলেকসিটি) পরগনা কলিকাতার অন্তর্গত , ১৭৩নং তৌজির হাল মালিক পশ্চিমবঙ্গ রাজ্য সরকার পক্ষে উত্তর ২৪ পরগনা জেলা কালেক্টার বাহাদুর অধিকারে নিম্ন তপশীলে বিশেষ ভাবে উল্লিখিত মৌজা - জামালপাড়া গ্রামে সাবেক ১৫ , হাল ২৩ নং দাগে ডাঙ্গা ৪০ শতক ও সাবেক ৬৯ , হাল ৫৭নং দাগে ডাঙ্গা ৬০ শতক , একই মৌজা ভুক্ত দুইটি দাগে একলপ্তে সর্বমোট ১০০ শতক সম্পত্তি সহ অপরাপর সম্পত্তি জনৈক সারদা প্রসাদ ঘোষ পৈতৃক সূত্রে , গোষ্ঠ বিহারী ঘোষ নিজ রেকর্ডীয় সূত্রে , নিশিকান্ত ঘোষ ও সূর্য্য দেব ঘোষ পৈতৃক ওয়ারেশ সূত্রে এবং গোস্ট বিহারী ঘোষের নিকট হইতে ইংরাজী ৭।৮।১৯৫৯ তারিখে কাশিপুর দমদম সাবরেজিস্ট্রী অফিসে রেজিস্ট্রীকৃত ১নং বহির ৯০ নং ভলিউমের ১০৪ হইতে ১৩১ পৃষ্ঠায় লিপিকৃত ৬৩৪১ নং সাফ বিক্রয় কোবালা দলিল

আবুবক্কার সিদ্দিক , বারাসাত কোর্ট।

৪। Ashim Kumar Banerjee
14, Chatra Dharmatala lane
Serampore, Hooghly

1000Rs.




॥ ৩ ॥

মূলে ও নিজ ভগ্নি আশালতা ঘোষ , হেমলতা ঘোষ , করুনা বালা ঘোষ , সন্ধ্যা - রানী ঘোষ ও মাতা নন্দ রানী ঘোষ দিগরদের নিকট হইতে ইং ৮।৪।১৯৭০ তারিখে উক্ত অফিসে রেজিস্ট্রীকৃত ১নং বহির ৩১নং ভলিউমের ১৭৭ হইতে ১৯৫ পৃষ্ঠায় লিপী- কৃত ২৪৮৫ নম্বর সাফ বিক্রয় কোবালা দলিল মূলে খরিদ করিয়া মালিক দখলিকার রূপে বিদ্যমান থাকা অবস্থায় উক্ত ব্যাক্তিগনের নিকট হইতে গত ইং ৮।৮।১৯৭২ তারিখে উক্ত কাশিপুর দমদম সাবরেজিস্ট্রী অফিসে রেজিস্ট্রীকৃত ১নং বহির ৮১ নং ভলিউমের ২৫২ হইতে ২৫৬ পৃষ্ঠায় লিপিকৃত ৫৩২৭ নম্বর ও ১নং বহির ৮১ নং ভলিউমের ২৫৭ হইতে ২৬০ নং পৃষ্ঠায় লিপিকৃত ৫৩২৮ নম্বর সাফ বিক্রয় কোবালা দলিল মূলে আমি অত্র দান পত্র দলিলের দাত্রী খরিদ করিয়া নিজ খাসে অন্যের নিরাংশে নির্বিবাদে চাষাদির দ্বারা মালিক দখলকারিনী রূপে বিদ্যমান আছি । যাহা আমার দান , বিক্রয় , সর্বপ্রকার হস্তান্তর করিবার উত্তম নিব্যূঢ় স্বত্ব বর্তমান আছে।

আবু বককার সিদ্দিক , বারাসাত কোর্ট।

৪। Ashim Kumar Banerjee
14, Chatra Dharmatala lane
Serampore, Hooghly

1000Rs.

INDIA NON JUDICIAL

২০০০রু.　সত্যমেব জয়তে　भारत　Rs 1000

एक हज़ार रुपये　ONE THOUSAND RUPEES



তুমি অত্র দানপত্র গ্রহীতা আমার পুত্র হইতেছ । তুমি আমাকে ও তোমার পিতাকে যথেষ্ট সেবা যত্ন ভক্তি শ্রদ্ধা করিয়া আসিতেছ এবং আমাদের ভরন পোষন চিকিৎসাদির ব্যয় ভার বহন করিতেছ । তোমার ব্যবহারে আমরা পিতা - মাতা উভয়েই অত্যন্ত সন্তুষ্ট ও প্রীত এবং আমার বিশ্বাস জীবদ্দশা কাল পর্য্যন্ত তুমি আমার ও তোমার পিতার ভরণ পোষন সহ যাবতীয় দায়িত্ব পালন করিবে এবং আমাদের মৃত্যুর পর হিন্দু শাস্ত্র মতে যাবতীয় শ্রাদ্ধ শান্তি ক্রিয়াদি সম্পন্ন করিবে । সেকারনে আমি তোমার মাতা , স্নেহের নিদর্শন স্বরূপ তোমাকে কিছু দিয়া যাইবার মনস্থির করিয়াছি ।

বর্তমানে আমি বয়:বৃদ্ধা হইয়াছি । আমার বয়স প্রায় ৬৭ বৎসর । কখন - যে পরকালের ডাক আসে কে বলিতে পারে । তোমাকে কিছু না দিয়া গেলে আমি শান্তি পাইব না , এই চিন্তায় আমি সর্বদাই চিন্তিত । আমার নগদ অর্থ বা -

আবু বকক্কার সিদ্দিক , বারাসাত কোর্ট।

of Chandpur.
৪। Ashim Kumar Banerjee
14, Chatra Dharmatala lane,
Serampore, Hooghly

500Rs.






স্বর্ণালংকার বিশেষ কিছু নাই , যাহা তোমাকে দিয়া আমি তৃপ্তি লাভ করিব । সেজন্য নিম্ন তপশীলে বিশেষ ভাবে উল্লেখিত দুইটি দাগে ১০০ শতক সম্পত্তি সহ যাবতীয় বর্ত্তা স্বত্ব তোমাকে দান করিব প্রকাশ করিলে তুমি উক্ত প্রকার দান সানন্দ চিত্তে গ্রহন করিতে সম্মত হইয়াছ।


উক্ত সম্পত্তি আমি ইতিপূর্বে কাহারো নিকট দান বিক্রয় হস্তান্তর করি নাই বা কাহারো নিকট দান বিক্রয় হস্তান্তরের নিমিত্ত বায়না বা চুক্তিতে আবদ্ধ হই নাই। বা উক্ত সম্পত্তি কোনরূপ দায়বদ্ধতায় আবদ্ধ নাই । উক্ত সম্পত্তি সরকার কর্তৃক ভেস্টেড, এ্যাকুইজিশান , রিকুইজিশান হয় নাই বা উক্ত সম্পত্তি দেনার দায়ে আবদ্ধ নাই বা কোন মামলা মোকর্দ্দমার বিষয়ভুক্ত নহে । উক্ত সম্পত্তি সম্পূর্ন নির্দ্দায় , নির্দ্দোষ এবং মুক্তাবস্থায় আমার খাস দখলে আছে ।

আমি অদ্য উক্ত সম্পত্তি তোমার অনুকূলে দান করিয়া দিয়া উক্ত সম্পত্তি হইতে চির নিঃস্বত্ব ও দখলচ্যুত হইলাম । উক্ত সম্পত্তিতে আমার যাহা কিছু স্বত্ব , স্বামিত্ব ,

আবুবক্কার সিদ্দিক , বারাসাত কোর্ট।

of Chandpur.
৪। Ashim Kumar Banerjee
14, Chatra Dharmatala lane,
Serampore, Hooghly

50 Rs.






লভ্য, হক হকিয়ত আছে তাহা অদ্য হইতে তোমাতে বর্তাইল। তুমি সরকারী সেরেস্তায় আমার নাম কর্তন করত: তোমার নাম পত্তন করিয়া খাজনাদি আদায়ে দাখিলাদি গ্রহনে উক্ত সম্পত্তি নিজ দখলে লইয়া সর্বপ্রকারের দান, বিক্রয়, হস্তান্তরের ক্ষমতা প্রাপ্ত হইয়া যদৃচ্ছা মতে তুমি মায় ওয়ারেশান গনক্রমে পরম সুখে ভোগদখল করিতে থাকো। ইহাতে আমি মায় ওয়ারেশান গনক্রমে কোনরূপ ওজর আপত্তি দাবী দাওয়া করিব না। করিলে তাহা সর্বত্র সর্বাদালতে বাতিল ও নামঞ্জুর বলিয়া গন্য হইবে।


অত্র দান পত্র দলিলে ভবিষ্যতে কোন প্রকার ভুল ভ্রান্তি প্রকাশ পাইলে সংশোধন দলিল করিয়া দিব।

এতদর্থে সুস্থ শরীরে, সরল মনে, অন্যের বিনা প্ররোচনায়, বিনানুরোধে দলিলের টাইপ করা বক্তব্য পড়িয়া বুঝিয়া, সম্যক রূপে মর্ম অবগত হইয়া অত্র দান-পত্র দলিলে নিজ নাম সহি সম্পাদন করিলাম। ইতি তারিখ বাংলা ১৪০৭ সালের ৫ই আষাঢ়, ইংরাজি ২০।০৬।২০০০ সাল।

আবু বক্কার সিদ্দিক, বারাসাত কোর্ট।

of Chandpur.
৪। Ashim Kumar Banerjee
14, Chatra Dharmatala lane
Serampore, Hooghly

10 Rs.




॥৭॥

-:: তপশীল দানকৃত সম্পত্তির পরিচয় ::-

জেলা উত্তর ২৪ পরগনা , থানা - রাজারহাট, এ-ডি-এস-আর অফিস বিধাননগর (সল্টলেকসিটি) , পরগনা কলিকাতার অন্তর্গত , রাজারহাট - বিষ্ণুপুর ২নং গ্রাম পঞ্চায়েত এলাকাধীন , ১৭৩ নং তৌজির হাল মালিক পশ্চিমবঙ্গ রাজ্য সরকার পক্ষে উত্তর ২৪ পরগনা জেলা কালেকটার বাহাদুর অধিকারে , রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট জমার কাত হারাহারি বার্ষিক যাহা পশ্চিমবঙ্গ ল্যান্ড হোল্ডিং রেভিনিউ আইন মতে খাজনা ধার্য্য হইবে ।

মৌজা - জামালপাড়া , জে.এল. নং ৪২ , রে: সা: নং ১২৪ ,

১। জমিদার খতিয়ান নং ২৫ , সি-এস বা সাবেক ৮৫নং খতিয়ান ভুক্ত , বার্ষিক ২১ টাকা ৩৯ পয়সা জমাস্থিত -

আর-এস বা হাল ৬৫ নং খতিয়ান

বর্তমান বা এল.আর. ৮৪৮ নং খতিয়ানের অন্তর্গত ।

সি-এস বা সাবেক দাগ নং ১৫,

আবুবক্কার সিদ্দিক , বারাসাত কোর্ট।

of Chandpur.
৪। Ashim Kumar Banerjee
14, Chatra Dharmatala lane,
Serampore, Hooghly

॥৮॥

আর-এস বা হাল ২৩ তেইশ নং দাগে ডাঙ্গা ২ একর ৪০ শতক জমির মধ্যে আমার খরিদা ৭২ শতক তন্মধ্যে ৪০ শতক জমি ।

২। জমিদার খতিয়ান নং ৩৭৩ , ৩৬৫ , ১৬১ , ৪০৪ ,

সি-এস বা সাবেক ৪২৯ নং খতিয়ান ভুক্ত , বার্ষিক ৫ টাকা জমাস্থিত

আর-এস বা হাল ৫২৩ নং খতিয়ান , বর্তমান বা এল-আর ৮৪৮নং খতিয়ান ভুক্ত -

সি-এস বা সাবেক ৬৯ নং দাগ ,

আর-এস বা হাল ৫৭ সাতান্ন নং দাগে আমার সম্পূর্ন খরিদা ডাঙ্গা ৬০ শতক সম্পত্তি ।

- - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - -

দুইটি দাগে সর্বমোট ১০০ (এক শত ) শতক বা বাংলা মাপে কমবেশী ৩ তিন বিঘা ৮ আট ছটাক সম্পত্তি সহ যাবতীয় বত্ত্ব স্বত্ব সহ নীল নকশায় উল্লেখিত লাল রেখা দ্বারা সীমাচিহ্নিত দুইটি পৃথক অংশের মধ্য দিয়া ৬´ ফুট কমন প্যাসেজ সহ যাবতীয় স্বত্বাদি অত্র দানপত্র দলিল ভুক্ত হইল । উক্ত নীল নকশা দলিলের একাংশ বলিয়া গন্য হইবে ।

দানকৃত সম্পত্তির সরকার নির্দ্ধারিত মূল্য ৪,৯৯,০০০.চার লক্ষ নিরানব্বই হাজার টাকা।

-: চৌহদ্দি :-

উত্তরে :- দাত্রীর খাস ও হাজারী মন্ডল, দক্ষিনে :- সন্তোষ পদ্মরাজ দিগর ,
পূর্বে :- নারায়ন নস্কর দিগর , পশ্চিমে :- চিনিবাস দিগর ,

আমি গ্রহীতা অত্র দানস্বানন্দ চিত্তে গ্রহন করিলাম :- [signature]

মুসাবিদাকারক :-

Prakash Chandra Barui
Advocate Barasat Judge's Court
Enr No - 446/519/97

টাইপকারক :-

আবু বক্কার সিদ্দিক [signature]
আবু বক্কার সিদ্দিক , বারাসাত কোর্ট।

ইসাদি :-

১। [illegible]
২। [illegible]
৩। Sk. Sahanawazuddin Ahmed
Of Chandpur.
৪। Ashim Kumar Banerjee
14, Chatra Dharmatala lane,
Serampore, Hooghly

Book No. I
Volume No. 81
Pages 179 to [redacted] 188
Being No. 3243
for the year 2000

SEAL OF THE ADDL. DIST. SUB-REGISTRAR, BIDHANNAGAR (SALT LAKE CITY) N. 24 PGS.

Addl. District Sub-Registrar
Bidhannagar, (Salt Lake City)
20.6.2000

SEAL OF THE ADDL. DIST. SUB-REGISTRAR, BIDHANNAGAR (SALT LAKE CITY) N. 24 PGS.

Addl. District Sub-Registrar
Bidhannagar, (Salt Lake City)
27-6-2000